



গণমাধ্যম খাতে নীতিগত সংস্কারের দাবি জামায়াতের



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

গণমাধ্যম খাতে স্বচ্ছতা ও নীতিগত সংস্কারের প্রয়োজনীয়তা ক্রমেই বাড়ছে বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। রোববার (১৪ জুন) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত ‘তথ্য ও সম্প্রচার খাতের সংস্কার’ বিষয়ক এক সেমিনারে তিনি এ কথা বলেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, রাজনৈতিক ও ব্যবসায়িক স্বার্থে নতুন নতুন গণমাধ্যম গড়ে ওঠার প্রবণতা বাড়ছে, যা সাংবাদিকতার স্বাধীনতা ও গণতান্ত্রিক চর্চার জন্য উদ্বেগের বিষয়। তিনি গণমাধ্যমকে জনস্বার্থে পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন। সামাজিক যোগাযোগমাধ্যমের প্রসঙ্গ টেনে তিনি বলেন, মূলধারার গণমাধ্যমের মতো সোশ্যাল মিডিয়ার ক্ষেত্রেও কার্যকর নীতিমালা প্রয়োজন। সেমিনারে গণমাধ্যম সংস্কার, তথ্যপ্রবাহের স্বচ্ছতা এবং জনমুখী নীতিমালা প্রণয়নের ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

LENS ASIA